গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০২১.২৫. ১০৫২-৬/৩

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩
২৬ জুন ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব জেসমিন আকতার বেগম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে বিগত ০২.০৬.২০২২ তারিখ হতে ৬০ (ষাট) দিনের উর্ধ্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.০৬১.০০০০.০০৪.১৮.৫৯১.১১.৬৬১-এ/ও, তারিখ: ১৬.০৪.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক পলায়ন (desertion) এর অভিযোগে ১৬ (২৪-২৫) নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব জেসমিন আকতার বেগম বিগত ৩০.০৪.২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন নাই বিধায় ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়নি;

যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব জেসমিন আকতার বেগম এর লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২১.২৫.বিমা-১৬(২৪-২৫)-৯৩২(৮)-এ/ও, তারিখ: ১৬.০৬.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদন মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত পলায়ন (desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২১.২৫.৪১১(৫)-এ/ও, তারিখ: ০৪.০৩.২০২৬ মূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে তিনি ১২.০৩.২০২৬ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

যেহেতু তার জবাব ও শুনানি সন্তোষজনক নয়, পলায়নের অভিযোগ অর্থাৎ ০২.০৬.২০২২ হতে ৬০ (ষাট) দিনের উর্ধ্বে desertion ছিল মর্মে প্রমাণিত;

যেহেতু, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন মোতাবেক জনাব জেসমিন আকতার বেগম তার বিদেশ গমনের যুক্তিসঙ্গত সময়ের পূর্বে সমবায় অধিদপ্তরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিয়েন মঞ্জুরির জন্য আবেদন করেছিলেন এবং সমবায় অধিদপ্তর হতে এ বিষয়ে কোন আদেশ/নির্দেশনা প্রদান করা হয়নি, বিষয়টি বিবেচনায় আনা হলো;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব, তদন্ত প্রতিবেদন এবং ২য় কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় জনাব জেসমিন আকতার বেগম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মতে 'পলায়ন' (desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তার দোষ স্বীকার করায় ও তার চাকুরীকাল এবং পারিপার্শ্বিক বিষয়ে তার প্রতি সদয়/নমনীয় ও মানবিক বিবেচনায় একই বিধিমালার ৪ (৩) (ক) বিধি অনুসরণে "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দন্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব জেসমিন আকতার বেগম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক 'পলায়ন' (desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ক) উপবিধি মোতাবেক "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" নামীয় গুরুদন্ড প্রদান করা হলো এবং অনুপস্থিত সময়কাল অর্থাৎ ০২.০৬.২০২২ তারিখ হতে আদেশের তারিখ পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- (মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

F:\Nurual Islam\Allegation.doc

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০২১.২৫. ১০৫২/১(৮)-৬/৪ তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩
২৩ জুন ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
২। জেলা সমবায় কর্মকর্তা, চট্টগ্রাম।
৩। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সাতকানিয়া, চট্টগ্রাম।
৬। উপজেলা সমবায় অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
৭। জনাব জেসমিন আকতার বেদগম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম।
৮। সংশ্লিষ্ট নথি।

23/06/2026

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

F:\Nurual Islam\Allegation.doc